যুগান্তর
তারিখ 7 JUL 2006
পৃষ্ঠা ৫ কলাম ৬

এসএসসি পরীক্ষা

# এবার ১৪ স্কুলে শতভাগ পাস ১০ স্কুলের কেউ পাস করেনি

॥ সালেহ টিটু, বরিশাল অফিস ॥

বরিশাল

গত ৮ বছরে বরিশাল শিক্ষা বোর্ডের অধীন ৪ লাখ ৩৫ হাজার ৫৭ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ২ লাখ ৮১৮ জন পাস করে। ২০০১ সালে বরিশাল শিক্ষা বোর্ডের অধীন প্রথম এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঐ বছর পাসের হার ছিল মাত্র ৩৪ দশমিক ৮০। ২০০২ সালে পাসের হার ৩৬ দশমিক ৩৯, ২০০৩ সালে পাসের হার ৩২ দশমিক ৮০, ২০০৪ সালে ৪৭ দশমিক ৫৬, ২০০৫ সালে ৪৩ দশমিক ৪১, ২০০৬ সালে ৫৯ দশমিক ৩০, ২০০৭ সালে, ৫০ দশমিক ৬৭ এবং এ বছর সর্বোচ্চ ৬৮ দশমিক ৭৭ ভাগ পরীক্ষার্থী পাস করে। বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ আলমগীর জানান, গত বছর প্রশ্নপত্র মূল্যায়ন ও কম্পিউটারের ত্রুটিজনিত কারণে ফলাফলে সমস্যা দেখা দেয়। পরবর্তীতে ঘটনাটি ধরা পড়লে এ শিক্ষা বোর্ডের ৪২ শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং ঢাকাস্থ কম্পিউটার সেকশনের সিস্টেম এনালাইসিস'কে সতর্ক করে দেয়া হয়। তিনি বলেন, গত বছর পরীক্ষার ফলাফল প্রকাশের পর পাসের হার বৃদ্ধি করতে এবং উত্তরপত্র যাতে শিক্ষকরা সঠিকভাবে মূল্যায়ন করতে পারেন সে জন্য বিভিন্ন জেলায় শিক্ষকদের নিয়ে একাধিক মতবিনিময় ও উদ্বুদ্ধকরণ সভা করা হয়। এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের উপর কড়াকড়ি আরোপ এবং ইংরেজী বিষয়ে পরীক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। ফলশ্রুতিতে এ বছর বরিশাল শিক্ষা বোর্ডের অধীন সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী পাস করে। এ বছর বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৬৫৯ জন পরীক্ষার্থী। বিজ্ঞান বিভাগে ৭ হাজার ১৭৫ জনের মধ্যে পাস করেছে ৬ হাজার ২৪৪ জন। মানবিক বিভাগে ২৪ হাজার ৩৫ জনের মধ্যে পাস করেছে ১৪ হাজার ৫৯৩ এবং ব্যবসা শিক্ষায় ১৭ হাজার ৪৪৪ জনের মধ্যে ১২ হাজার ৬২১ জন পরীক্ষার্থী পাস করে।

### ১৪টি স্কুলে পাসের হার শতভাগ

এ বছর ১৪টি স্কুলের সকল ছাত্র-ছাত্রী পাস করেছে। এর মধ্যে প্রথম স্থানে রয়েছে ঝালকাঠী সরকারি বালক বিদ্যালয়, ২য় স্থানে ভোলা সরকারি হাইস্কুল, ৩য় স্থানে বরিশাল ক্যাডেট কলেজ, পিরোজপুরের মঠবাড়িয়ার সাফা মাধ্যমিক বিদ্যালয়, বরগুনার বেতাগী বালিকা বিদ্যালয়, বরিশালের তালুকদারহাট মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুরের মঠবাড়িয়ার তুসখালীর টোফেল আকন মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুরের নাজিরপুরের মুগারঝর মাধ্যমিক বিদ্যালয়, ঝালকাঠীর নলছিটির ষাইটপাকিয়া মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুরের জুজখোলা শামীমলতা মাধ্যমিক বিদ্যালয়, পটুয়াখালীর বাঁশবুনিয়া মেহেরুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়, বরগুনার আমতলী বাগেরহাট মাধ্যমিক বিদ্যালয়, গৌরনদীর খাঞ্জাপুর পাঙ্গাসিয়া মাধ্যমিক বিদ্যালয় এবং পিরোজপুরের স্বরূপকাঠীর ইন্দ্রোগ্রাম মাধ্যমিক বিদ্যালয়।

### ১০টি স্কুলের ২৬ পরীক্ষার্থীর কেউ পাস করেনি

বরিশাল শিক্ষা বোর্ডের অধীন ১০টি স্কুল থেকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ২৬ জন পরীক্ষার্থীর মধ্যে কেউ পাস করেনি। পটুয়াখালীর মঠবাড়িয়া বাউফল বিদ্যালয় থেকে ১ জন, মির্জাগঞ্জের ফুলবড় গিয়াস মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয় থেকে ৪ জন, পটুয়াখালীর বাউফলের এসএম ফরিদউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের ২ জন, বরগুনার বেতাগী উপজেলার বিএলবি মাধ্যমিক বিদ্যালয়ের ৮ জন, বানারীপাড়ার ডব্লিউ এসএম মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ১ জন, মেহেন্দীগঞ্জের পাতারহাট এপেক্স নৈশ মাধ্যমিক বিদ্যালয় থেকে ৩ জন, পিরোজপুরের নাজিরপুর সিকদার মল্লিক বালিকা বিদ্যালয়ের ২ জন, একই উপজেলার লেবুজবুনিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন, ভোলার চরফ্যাশনের পশ্চিম ঢালচর মাধ্যমিক বিদ্যালয়ের ২ জন এবং মনপুরা বালিকা বিদ্যালয় থেকে ২ জন পরীক্ষার্থী অংশ নিয়ে কেউ পাস করেনি।

### পাসের হার ও জিপিএ-৫ উভয় ক্ষেত্রে ছেলেরা এগিয়ে

গত দু'বছর বরিশাল শিক্ষা বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ উভয় দিক থেকে ছেলেরা এগিয়ে। এ বছর ছেলেদের পাসের হার ৭০ দশমিক ৯৫ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৩৭ জন। মেয়েদের পাসের হার ৬৬ দশমিক ৫০। জিপিএ-৫ পেয়েছে ৬শ' ২২ জন।